


অফিস আদেশ

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের অঞ্চল- ১ ও ২ এর এলাকাভুক্ত বাড়িঘর/অবকাঠামোর হোল্ডিং ট্যাক্স (গৃহকর, পরিচ্ছন্নকর ও বাতিকর) সমতা আনয়নের লক্ষ্যে পঞ্চবার্ষিকী সাধারণ মূল্যায়ন (General Assessment) স্থগিত হওয়ায় কর্পোরেশনের রাজস্ব অর্জনের বৃহত্তর স্বার্থে এবং সম্মানিত করদাতাগণের হোল্ডিং ট্যাক্স পরিশোধ করার সুবিধা বিবেচনা করে উক্ত এলাকাভুক্ত বাড়িঘর/অবকাঠামোর ২০১৬-১৭ ও ২০১৭-১৮ অর্থবছরের হোল্ডিং ট্যাক্স পুরাতন হারে ৩১ মার্চ/২০১৮ এর মধ্যে একত্রে পরিশোধ করার শর্তে (ক) ২০১৬-১৭ অর্থবছরের হোল্ডিং ট্যাক্সের উপর আরোপিত ১৫% সারচার্জ মওকুফ এবং (খ) ২০১৭-১৮ অর্থবছরের হোল্ডিং ট্যাক্সের উপর ১০% রিবেট সুবিধা প্রদান করার অনুমোদন দেয়া হলো।

০২। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

  
সচিব


ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।

তারিখঃ- ৩০/০৪/২০১৮

স্মারক নংঃ- ৪৬.২০৭.০০০.১০০৪.৫৬৪.২০১৮/১৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :


- ১। প্রধান রাজস্ব কর্মকর্তা।
- ২। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা।
- ৩। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-১ ও ২।
- ৪। মেয়র মহোদয়ের একান্ত সচিব (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। উপ-প্রধান রাজস্ব কর্মকর্তা, (কর সার্কেল ও রাজস্ব গবেষণা সেল)।
- ৬। সিস্টেম এনালিস্ট (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৭। প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। কর কর্মকর্তা, অঞ্চল-১ ও ২।
- ৯। সহকারী সচিব, প্রশাসন ও সংস্থাপন শাখা-১।
- ১০। শাখা সহকারী, প্রশাসন।
- ১১। সচিবের ব্যক্তিগত সহকারী।
- ১২। অফিস আদেশ বহি।
- ১৩। অফিস কপি (নথি নং ৪৬.২০৭.০০০.১০.০৪.৫৬৪.২০১৮, তারিখ : ২৬/৪/২০১৮ খ্রিঃ)



সহকারী সচিব

সাধারণ প্রশাসন শাখা

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।



প্রাপ্তি আইসিটি সেল  
তারিখঃ- ২/৫/১৮